158

দৈনিক বাংলা

তারিখ ০৭ MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

সংঘর্ষে আহত ২০

# ধর্মঘটি শিক্ষকদের ডিসি অফিস ঘেরাও

স্টাফ রিপোর্টার : শনিবার দুপুরে ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সামনে ধর্মঘটী শিক্ষকদের সঙ্গে পুলিশের এক সংঘর্ষে ৫ জন পুলিশসহ প্রায় ২০ ব্যক্তি আহত হয়েছেন। আহতদের মধ্যে ২ জন শিক্ষিকাসহ ১১ জন শিক্ষক রয়েছেন। লাঠিচার্জ ও ধর্মঘটীদের

( ৮-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## ধর্মঘটি শিক্ষকদের ডিসি অফিস ঘেরাও

( প্রথম পৃষ্ঠার পর )

বাংলাদেশ শিক্ষক ফোরামের এক জরুরী সভায় ২ মে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষাকে শিক্ষক ধর্মঘটের আওতামুক্ত ঘোষণা করা হয়েছে।

শনিবার ফোরামের আহবায়ক বদরুদ্দিন হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় শিক্ষক আন্দোলনের অন্যান্য কর্মসূচী বহাল রাখার এবং কালো ব্যাজ ধারণ করার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় এসএসসি পরীক্ষা পরিচালনা করার জন্য শিক্ষক কর্মচারীদের প্রতি আহবান জানানো হয়।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি ও মহাসচিব মাধ্যমিক স্কুল শিক্ষক কর্মচারীদের এসএসসি পরীক্ষার্থীদের স্বার্থে পরীক্ষার কাজে সার্বিক সহায়তা দানের আহবান জানিয়েছেন।

শনিবার এক বিবৃতিতে লিয়াজোঁ কমিটি সম্পর্কে তাঁরা বলেন, লিয়াজোঁ কমিটিতে যারা নেতৃত্ব দিচ্ছেন তাদের অধিকাংশই এসএসসি পরীক্ষার সাথে সম্পৃক্ত নন। তাঁরা কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক।

বাংলাদেশ শিক্ষক সমিতি (আশরাফ-নজরুল) এসএসসি পরীক্ষার স্বার্থে তাদের ধর্মঘট স্থগিত ঘোষণা করেছে।

চতুর্দশ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কোঅর্ডিনেশন কমিটির আহবায়ক হাসিবুর রহমান ও যুগ্ম আহবায়ক জহুরুল আলম শনিবার শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরুদ্দীন সরকারের সঙ্গে সাক্ষাৎ করে জানান যে তাঁরা জাতির বৃহত্তর স্বার্থে এসএসসি পরীক্ষা পরিচালনা করবে। খবর বিজ্ঞপ্তির।

কলেজ অব ডেভেলপমেন্ট অলটারনেটিভের (কোডা) চেয়ারম্যান মুজিব খান এক বিবৃতিতে ধর্মঘটী শিক্ষকদের প্রতি ধর্মঘট প্রত্যাহার করে সুষ্ঠুভাবে এসএসসি পরীক্ষা গ্রহণ করার আহবান জানিয়েছেন।

ইটপাটকেল নিক্ষেপে এরা আহত হন।

কোতোয়ালী থানা জানায়, ধর্মঘটী শিক্ষকরা তাদের পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী গতকাল (শনিবার) দুপুরে ডিসি অফিস ঘেরাও করার জন্য জেলা প্রশাসক অফিস প্রাঙ্গণে ঢোকার চেষ্টা করেন। ঐ সময় জেলা প্রশাসক গেটে তালাবদ্ধ থাকায় তারা ঢুকতে না পারায় উক্ত অফিসের সম্মুখস্থ জনসন রোডে অবস্থান নেয় এবং যানবাহন চলাচল ব্যাহত করে। ঠিক এ সময়ে সদরঘাট থেকে ছেড়ে আসা রামপুরাগামী একটি যাত্রীবাহী বাস সেখানে এলে ধর্মঘটী শিক্ষকরা বাসটির (ঢাকা-জ-৩৬৫৩) উপর হামলা শুরু করে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ আনার জন্য ও যানবাহন চলাচল স্বাভাবিক রাখার জন্য এক পর্যায়ে শিক্ষকদের ওপর লাঠিচার্জ শুরু করে। শিক্ষকরাও পুলিশের ওপরে ইটপাটকেল নিক্ষেপ শুরু করে। এতে লাঠিচার্জ ও ইটপাটকেল নিক্ষেপে উভয় পক্ষের ২০ জন আহত হন। এই সময়ে পথচারীরা ভয়ে প্রাণপণে ছুটতে থাকে। চারদিকের দোকানপাট কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে যায়। এ সময় শিক্ষকদের সঙ্গে পুলিশের ধাওয়া ও পাল্টা ধাওয়া চলে।

কোতোয়ালী থানা জানায়, শিক্ষকদের আক্রমণে যাত্রীবাহী বাসটির ব্যাপক ক্ষতি সাধিত হয়। এছাড়া এই বাসের চালক মফিজুর রহমান, বাস কন্ডাক্টর আতিকুর রহমান ও হেলপার মজুর রহমান শিক্ষকদের বেদম প্রহারে গুরুতর আহত হয়ে এখন হাসপাতালে চিকিৎসাধীন। এছাড়া শিক্ষকদের ইটপাটকেল নিক্ষেপে তাদের ৫ জন পুলিশ আহত হয়ে এখন রাজারবাগ পুলিশ হাসপাতালে ভর্তি।

আহত শিক্ষকরা হচ্ছেন শিক্ষিকা বিলকিস জামান, সায়েদা বেগম, লিয়াজোঁ কমিটির আহবায়ক কামরুজ্জামান, কাজী ফারুক ও আফজাল মিয়া প্রমুখ। জানা গেছে, পুলিশের লাঠিচার্জে এরা আহত হয়ে নিকটস্থ ন্যাশনাল মেডিক্যাল ইনস্টিটিউট (হাসপাতাল) প্রাথমিক চিকিৎসা নিয়ে তারা নিজ নিজ বাসায় চলে যান। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে শনিবার বিকালে ঢাকা নগরীর শিক্ষকদের একাধিক খণ্ডমিছিল বের হয়।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ শিক্ষক নির্যাতনের নিন্দা জানিয়েছেন। সংগঠনের সভাপতি মোয়াজ্জেম হোসেন খান ও মহাসচিব আলী আকবর খান ভুলার এক বিবৃতিতে ঢাকায় জেলা প্রশাসকের অফিস প্রাঙ্গণের সামনে শিক্ষকদের ওপর পুলিশের হামলার ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা করেছেন।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর শাখা শিক্ষকদের দাবি পুরোপুরি মেনে নেয়ার আহবান জানিয়ে নগরীতে এক বিক্ষোভ মিছিল বের করে।

### মাইজদীকোর্ট

আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি তাদের দাবি-দাওয়ার শ্লোগানসহ শনিবার দুপুরে প্রতিবাদ মিছিল বের করে। মিছিলটি দুপুর ১২টায় নোয়াখালী কালেক্টরেট ভবনের সামনে আসে।

এক পর্যায়ে তারা নোয়াখালী কোর্ট বিল্ডিংয়ের প্রধান ফটকের কলাপসিবল গেট বন্ধ করে দেয় এবং এখানে দীর্ঘ দেড় ঘন্টা পর্যন্ত প্রতিবাদ সভা করে। সভা শেষে তারা জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে।

### টাঙ্গাইল

টাঙ্গাইল থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, শনিবার দুপুরে জেলা মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির একটি বিরাট মিছিল জেলা প্রশাসক অফিস ঘেরাও করে। মিছিলকারীদের ইটপাটকেল নিক্ষেপে জেলা প্রশাসকের অফিসের জানালার কাচ ভেঙ্গে যায়। এ সময় উত্তেজিত শিক্ষকদের হামলায় কালেক্টরেট ভবনের দোতলার বারান্দায় রাখা বিভিন্ন আসবাবপত্র ভাঙচুর হয়। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

### রাজবাড়ি

নিজস্ব সংবাদদাতা রাজবাড়ি থেকে জানান, জেলা শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি শনিবার রাজবাড়িতে এক বিরাট বিক্ষোভ মিছিল বের করে এবং সারা শহর প্রদক্ষিণের পর জেলা প্রশাসকের অফিস ঘেরাও করে। পরে তারা রাজবাড়ি প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তাদের ন্যায্য দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান।

এদিকে জেলা প্রশাসনের উদ্যোগে রাজবাড়িতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে আগামী সোমবার এসএসসি পরীক্ষায় অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।